



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং – ২০৪৭৪/৯২ এন.এফ.এফ.  
অনুমোদিত

প্রধান কার্যালয় – ২০/৪ শিল লেন, কলকাতা – ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স – ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-

মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী

তাং- ১৭-১৮ মার্চ ২০১৯

স্থান- নেতাজী আবাস, মুর্শিদাবাদ।

দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরামের বার্ষিক সাধারণ সভা ১৭-১৮ মার্চ ২০১৯ -এই দুই দিন ধরে হল। ১৭ মার্চ ২০১৯ সকাল ৯.৩০ টায় রেজিস্ট্রেশন হয়। সকাল ১০ টায় ফোরামের পতাকা উত্তোলন হয়। এরপর ফোরামের স্থায়ী সভাপতি শ্রী গোবিন্দ দাস মহাশয়ের শারীরিক অসুস্থতাহেতু অনুপস্থিতির জন্য সভায় সর্বসম্মতিক্রমে সভার সভাপতিত্ব করার দায়িত্ব গ্রহণ করেন ফোরামের অন্যতম সহ সভাপতি শ্রী আশ্বিয়া হোসেন মহাশয়। এরপর স্বাগত ভাসন, প্রয়াত মৎস্যজীবী বন্ধুদের আত্মার শান্তি কামনায় নিরবতা পালন, অতিথি বরণ ও অতিথিদের ভাষণের মধ্য দিয়ে উদ্বোধনী অনুষ্ঠান শেষ হয়। এরপর সভার সভাপতির নির্দেশানুসারে ফোরামের সাধারণ সম্পাদক শ্রী মিলন দাস গত সাধারণ সভার সিদ্ধান্তগুলি পাঠ কয়ে শোনান এবং তা সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়। এরপর তিনি সভার সভাপতির অনুমতি নিয়ে সভায় ফোরামের বার্ষিক প্রতিবেদন পাঠ করেন এবং বার্ষিক আয়ব্যয়ের হিসেব পেশ করেন। মধ্যাহ্ন ভোজনের পর ফোরামের শাখাগুলির নেতৃত্বগণ তাদের প্রতিবেদন সভায় পেশ করেন। ১৮ মার্চ ২০১৯ সকাল ১০ টায় সভায় ফোরামের বার্ষিক প্রতিবেদনের উপর দীর্ঘ আলোচনা হয়। এবং কিছু সংশোধন ও সংযোজনের পর তা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়। এরপর ফোরামের বার্ষিক আয়ব্যয়ের হিসেব সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়। এরপর সাধারণ সভার সম্মতি নিয়ে সভায় উপস্থিত প্রতিনিধিদের কাছে থেকে ফোরামের তহবিল গঠনের জন্য দান চাওয়া হয়। এবং ব্যক্তিগত ও সমষ্টি / সংগঠনগতভাবে যা দান নগদে সভা থেকে উঠে আসে তার মোট পরিমাণ



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম

## (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং – ২০৪৭৪/৯২ এন.এফ.এফ.

অনুমোদিত

প্রধান কার্যালয় – ২০/৪ শিল লেন, কলকাতা – ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স – ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-

মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

১৬৮০০ টাকা। এরপর আলাপআলোচনার মাধ্যমে সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হয় –

১। আগামী জুন-জুলাই মাসে নদীয়া, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর, মুর্শিদাবাদ ও হাওড়া – এর ৫ টি জেলাতে মৎস্য ভেতুরদের সমস্যা ও অধিকার নিয়ে সভা হবে। জেলা ও রাজ্য স্তরে প্রেস কনফারেন্স হবে। রাজ্য স্তরে একটি সভা হবে। এবং আগস্ট মাসে ভেতুরদের দাবিদাওয়া নিয়ে মৎস্য মন্ত্রীর কাছে ডেপুটেশন দেওয়া হবে।

২। এপ্রিল-মে মাসের মধ্যে ফোরামের মহিলা শাখা মৎস্য মন্ত্রীর কাছে ডেপুটেশন দেবে। ১১ ই এপ্রিল ফোরামের মহিলা শাখার প্রতিনিধিদের নিয়ে একটি রাজ্যস্তরের সভা হবে। এই সভায় গৃহীত সিদ্ধান্তগুলি মহিলা শাখার নেতৃত্বের পরদিন ১২ ই এপ্রিল ফোরামের নেতৃত্বদের কাছে তুলে ধরবেন।

৩। আভ্যন্তরীণ মৎস্য ক্ষেত্রের সমস্যাগুলি নিয়ে এপ্রিলের দ্বিতীয় সপ্তাহে একটি রাজ্যস্তরের আলোচনাসভা হবে।

৪। ‘মৎস্যজীবী’ পত্রিকা যাতে পাক্ষিকভাবে নিয়মিত প্রকাশিত হয় এব্যাপারে উদ্যোগ নেওয়া হবে।

৫। ফোরামের রাজনৈতিক দৃষ্টিভঙ্গি ও আচরণ নিয়ে একটি আলোচনাসভা হবে।

৬। সংগঠনের মনিটরিং কমিটিকে সক্রিয় করা হবে।

৭। পশ্চিমবঙ্গের বাইরে ফোরামের সঙ্গে বিভিন্ন আঞ্চলিক ও জাতীয় স্তরের সংগঠনগুলোর নেটওয়ার্কিং-এ ফোরামের পক্ষ থেকে কারা সক্রিয় দায়িত্ব নেবেন তা ফোরাম আলোচনা করে স্থির করবে।



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম

(ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং – ২০৪৭৪/৯২ এন.এফ.এফ.

অনুমোদিত

প্রধান কার্যালয় – ২০/৪ শিল লেন, কলকাতা – ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স – ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-

মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

৮। সামুদ্রিক মৎস্যক্ষেত্র নিয়ে ফোরামের মূল দাবিগুলি কেন্দ্রিয় সরকারের কাছে পাঠানোর ব্যাপারে ফোরামের পক্ষ থেকে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

৯। কোলকাতায় সহস্রাধিক মৎস্যজীবী নিয়ে একটি জমায়েত হবে।

১০। জাল যার জল তার – এই দাবিতে ব্লক, জেলা ও রাজ্য স্তরে ডেপুটেশন দেওয়া হবে। এক্ষেত্রে ফোরাম নির্দিষ্ট ধরণের জলের জন্য নির্দিষ্ট দাবিপত্র তৈরি করবে।

১১। সংগঠনের কাজ দেখার জন্য জেলাভিত্তিক অবজার্ভার নিয়োগ করা হবে।

১২। মৎস্যজীবীদের মাইগ্রেশন নিয়ে সমীক্ষা হবে।

১৩। ভৈরব ও ভান্ডারদহ বিল সংস্কার ও তাতে যাতে মাছ ছাড়া হয় সেব্যাপারে ফোরামের পক্ষ থেকে সরকারের কাছে আবেদন করা হবে।

১৪। ব্যাঘ্রবিধবাদের রাজ্যস্তরের ডেপুটেশনের উদ্যোগ নেওয়া হবে।

১৫। সুন্দরবনের ব্যাঘ্রবিধবাদের সমবায় সমিতি গঠনের ব্যাপারে ফোরাম উদ্যোগ নেবে।

১৬। মুর্শিদাবাদের রানিনগরে মশারিজাল বিরোধী কমিটি গঠনের ব্যাপারে ফোরাম উদ্যোগ নেবে।

১৭। সীমান্ত রক্ষী বাহিনীর ঝামেলা থেকে ফারাক্কা ও ধুলিয়ানের মৎস্যজীবীদের রক্ষা করতে ফোরাম সরকারের কাছে বিশেষ অনুমতি/পরিচয়পত্র দাবি করবে।

১৮। ফোরাম তপসিলি জাতি/উপজাতি ছাত্রছাত্রীদের ন্যায় মৎস্যজীবী ছাত্রছাত্রীদের জন্য রিজার্ভেশন দাবি করবে।



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম

## (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ.

অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-

মেইল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

১৭। সমুদ্রে ১২ নটিক্যাল মাইলের মধ্যে যাতে বৃহৎ ফিশিং বোটগুলি মাছ ধরতে না পারে তার জন্য ফোরাম লাগাতার লড়াই চালিয়ে যাবে।

১৮। সভায় সর্বসম্মতিক্রমে শ্রী শশাঙ্ক শেখর দেব, শ্রী সৌমেন রায় ও শ্রী শান্তনু চক্রবর্তী -এই তিনজন বিশিষ্ট ব্যক্তি ফোরামের উপদেষ্টা নিযুক্ত হলেন।

১৯। সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত হল যে, ফোরামের কার্যকারি কমিটিতে ৫ জন আমন্ত্রিত সদস্য থাকবেন এবং তারা ফোরামের সমস্ত কার্যকারি কমিটির সভায় আমন্ত্রণ পাবেন।

১৯। ফোরামের নতুন কার্যকারি কমিটির নির্বাচন কার্য পরিচালনার জন্য ফোরামের সাধারণ সভা কর্তৃক সর্বসম্মতিক্রমে শ্রী শশাঙ্ক শেখর দেব প্রিসাইডিং অফিসার হিসাবে নিযুক্ত হলেন। এবং তিনি প্রিসাইডিং অফিসার হিসাবে নির্বাচনের মাধ্যমে সভায় সর্বসম্মতিক্রমে ফোরামের নিম্নলিখিত কার্যকারি কমিটি গঠন করলেন-

ক্রঃ নং	নাম	পদ
১	শ্রী প্রদীপ চ্যাটার্জী	সভাপতি
২	শ্রী দেবাশিস শ্যামল	সহ-সভাপতি
৩	শ্রীমতী তাপসী দোলুই	সহ-সভাপতি
৪	শ্রী আশ্বিয়া হোসেন	সহ-সভাপতি
৫	শ্রী মিলন দাস	সাধারণ সম্পাদক
৬	শ্রীমতী বার্না আচার্য	সহ- সম্পাদক



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম

## (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ.

অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-

মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

৭	শ্রী বিধান চন্দ্র দে	সহ- সম্পাদক
৮	শ্রী আব্দার মল্লিক	সহ- সম্পাদক
৯	শ্রী সুজয় কৃষ্ণ জানা	কোষাধ্যক্ষ
১০	শ্রীমতী মানসী বেরা	সদস্য
১১	শ্রী তপন মণ্ডল	সদস্য
১২	শ্রী বিবর্তন ভট্টাচার্য্য	সদস্য
১৩	শ্রী যতীন্দ্রনাথ মহাতো	সদস্য
১৪	শ্রী উজ্জ্বল কুমার গায়েন	সদস্য
১৫	শ্রী বাদল মাইতি	সদস্য
১৬	শ্রী স্বপন কুমার ভৌমিক	সদস্য
১৭	শ্রী গোবিন্দ দাস	সদস্য
১৮	শ্রী অচিন্ত্য প্রামাণিক	সদস্য
১৯	শ্রী শ্রীকান্ত দাস	সদস্য
২০	শ্রী হিমাংশু মণ্ডল	সদস্য
২১	শ্রীমতী তরুলতা প্রধান	সদস্য
আমন্ত্রিত সদস্য		
১	শ্রী গৌতম বেরা	আমন্ত্রিত সদস্য



# দক্ষিণবঙ্গ মৎস্যজীবী ফোরাম

## (ডি.এম.এফ.)

ট্রেড ইউনিয়ন রেজিঃ নং - ২০৪৭৪/৯২ এন.এফ.এফ.  
অনুমোদিত

প্রধান কার্যালয় - ২০/৪ শিল লেন, কলকাতা - ৭০০০১৫; ফোন ও ফ্যাক্স - ০৩৩-২৩২৮৩৯৮৯ ই-

মেল : [dmfwestbengal@gmail.com](mailto:dmfwestbengal@gmail.com)

২	শ্রী বিদ্বান কুমার দাস	আমন্ত্রিত সদস্য
৩	শ্রী চৈতন বেসরা	আমন্ত্রিত সদস্য
৪	শ্রী অর্জুন মণ্ডল	আমন্ত্রিত সদস্য
৫	শ্রীমতী উমা রানী বর	আমন্ত্রিত সদস্য

এরপর ফোরামের সদ্য নির্বাচিত নতুন কার্যকারি কমিটি আনুষ্ঠানিকভাবে ফোরামের দায়িত্বভার গ্রহণ করে। এবং সভার সভাপতি সভা সুষ্ঠুভাবে চলার জন্য সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

শ্রী আশিয়া হোসেন  
সভার সভাপতি